# আল ইরশাদ-সহীহ আকীদার দিশারী

বিভাগ/অধ্যায়ঃ الأصل السادس: الإيمان بالقضاء والقدر ষষ্ঠ মূলনীতি: ক্বদা ও ক্বদর (আল্লাহর ফায়ছালা ও ভাগ্যের প্রতি ঈমান আনা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

أدلة المرتبة الأولى والثانية – তাক্বদীরের প্রথম ও দ্বিতীয় স্তরের দলীল

আল্লাহ তা‘আলা বলেন,

﴿أَلَمْ تَعْلَمْ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّمَاءِ وَالْأَرْضِ إِنَّ ذَٰلِكَ فِي كِتَابٍ إِنَّ ذَٰلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ﴾

‘‘তুমি কি জানো না, আকাশ ও পৃথিবীর প্রত্যেক জিনিসই আল্লাহ জানেন? সবকিছু একটি কিতাবে লিখিত আছে। আল্লাহর জন্য এটা মোটেই কঠিন নয়’’। (সূরা হজ্জ: ৭০)

তৃতীয় স্তরের দলীল হলো আল্লাহ তা‘আলার বাণী, আল্লাহ তা‘আলা বলেন,

﴿وَمَا تَشَاءُونَ إِلاَّ أَنْ يَشَاءَ اللَّهُ رَبُّ الْعَالَمِيْنَ﴾

‘‘সৃষ্টিজগত সমূহের মহান প্রভু আল্লাহর ইচ্ছা ব্যতিরেকে তোমরা অন্য কোনো কিছুরই ইচ্ছা পোষণ করতে পারো না’’। (সূরা তাকভীর: ৩০) আল্লাহ তা‘আলা আরো বলেন, আল্লাহ তা‘আলা আরও বলেন,

﴿إِنَّ اللَّهَ يَفْعَلُ مَا يُرِيدُ﴾

‘‘আর আল্লাহ ইচ্ছা করলে তারা পরস্পর যুদ্ধ বিগ্রহে লিপ্ত হতো না; কিন্তু আল্লাহ যা ইচ্ছা করেন তাই সম্পন্ন করে থাকেন’’। (সূরা আল-হজ: ২৫৩)

তাক্বদীরের চতুর্থ স্তরের দলীল হলো, আল্লাহ তা‘আলার বাণী,

﴿اللَّهُ خَالِقُ كُلِّ شَيْءٍ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ وَكِيلٌ﴾

‘‘আল্লাহ সবকিছুর স্রষ্টা এবং তিনিই সবকিছুর ব্যবস্থাপক’’। (সূরা যুমার: ৬২) আল্লাহ তা‘আলা আরো বলেন,وَهُوَ الْخَلَّاقُ الْعَلِيمُ ‘‘আর তিনি মহাস্রষ্টা, সর্বজ্ঞ’’। (সূরা ইয়াসীন: ৮২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13305

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন